

তারিখ ১২ MAY 2005

দৈনিক  
**ইনকিলাব**

**এইচএসসি আলিম ফাজিল ও  
কামিল পরীক্ষা আজ শুরু**

স্টাফ রিপোর্টারঃ আজ (বৃহস্পতিবার) থেকে শুরু হচ্ছে দেশের ৯টি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি, আলিম, ফাজিল, কামিল এবং ব্যবসায় প্রশাসন পরীক্ষা। সারাদেশে ৯শ' ৯১টি পরীক্ষা কেন্দ্রে একসাথে এদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পূর্বে বছরের তুলনায় এ বছর পরীক্ষা কেন্দ্র বেড়েছে ২২টি। এবারের ৯টি বোর্ডের অধীনে সর্বমোট ৪ লাখ ৯৭ হাজার ৯শ' ১১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে। এর মধ্যে সুখারণ ৭টি বোর্ডে বোর্ডওয়ারী এইচএসসি পরীক্ষার্থী হলো ঢাকা বোর্ডে সর্বোচ্চ ১ লাখ ৩৩ হাজার ৬শ' ৯০ জন, রাজশাহী ১ লাখ ৫ হাজার ৭শ' ৪৩ জন, ফরিদপুর ৩৪ হাজার ৬শ' ৩৯ জন, যশোর ৭০ হাজার ৪৬ জন, বরিশাল ২৭ হাজার ৮শ' ৫৮ জন, চট্টগ্রাম ৩৩ হাজার ১শ' ৭৪ জন এবং দিলেট বোর্ডে ১৭ হাজার ৪শ' ৫ জন। এই ৭টি বোর্ডের অধীনে এবার ৪ লাখ ৮-এর গুচ্ছ-এর কয় দেবুন

**এইচএসসি আলিম ফাজিল ও**

**এবং গুচ্ছের পর**

২২ হাজার ৪শ' ৩৪ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। গতবার এ সংখ্যা ছিল ৪ লাখ ৯৪ হাজার ৫শ' ৪২ জন। অর্থাৎ গতবারের তুলনায় এবার পরীক্ষার্থী কমেছে প্রায় ৭২ হাজার। মাদ্রাসা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আলিম পরীক্ষার্থী হলো ৪৮ হাজার ৫২, ফাজিল ২০ হাজার ১শ' ৬২ এবং কামিলে ৮ হাজার ১শ' ৯৪ জন। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষার্থীর সংখ্যা ২৭ হাজার ৩শ' ৮৫ জন। রাজশাহী অফিস জানায়, উচ্চ মাধ্যমিক পরীক্ষায় রাজশাহী শিক্ষাবোর্ডের অধীনে ১৬ জেলায় ১ হাজার ৯৩টি কলেজ থেকে ১ লাখ ৫ হাজার ৪৭২ জন পরীক্ষার্থী অংশ নিবে। এর মধ্যে ৬৩ হাজার ৮৪ জন ছাত্র এবং ৪২ হাজার ৬৮৮ জন ছাত্রী। ২৬৮টি কেন্দ্রে এ সকল পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ করা হবে। রাজশাহী শিক্ষাবোর্ড সূত্রে জানা গেছে, ২০০৩ সালে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ৫০ হাজার ১১৯ জন। পরের বছর পরীক্ষার্থীর সংখ্যা প্রায় সাড়ে ১৬ হাজার কমে দাঁড়ায় ১ লাখ ৩৩ হাজার ৭শ' ১৭ জনে। এবার কমেছে আরো ২৮ হাজার ২শ' ৪৫ জন। তবে পরীক্ষার্থীর সংখ্যা কমেও পাসের হার বাড়ছে। ২০০৩ সালে ২৬ দশমিক ৬২ জগ-এর মূলে গত বছর পাসের হার বেড়ে দাঁড়ায় ৪৫ দশমিক ২৩ জগ।

**বিনিময় বলবৎ**

সকল গ্রন্থতা মোকদ্দম উপজেলা, জেলা শহর ও মহানগরী এলাকায় একাধিক মাদ্রাসা থাকলে কেন্দ্রস্থিত মাদ্রাসার পরীক্ষার্থীদের পারস্পরিক কেন্দ্র পরিবর্তনের মাধ্যমে আসন্ন ২০০৫ সালের আলিম, ফাজিল, কামিল পরীক্ষা গ্রহণের জন্য বোর্ডের সেক্টর এত রিকর্গনিশন কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের বিস্তারিত মজিবর রহমান এবং বোঃ আব্দুর রব কর্তৃক হাইকোর্টে যথাক্রমে রিট পিটিশন নং-৩১১৬/২০০৫, তারিখ ০৮-০৫-২০০৫ এবং রিট পিটিশন নং-৩০৮০/২০০৫, তারিখ ০৯-০৫-২০০৫ দায়ের করা হলে আদালত বোর্ডের আদেশের উপর অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করেন। বোর্ডের পক্ষ হতে আদালতের জারিকৃত অস্থায়ী নিষেধাজ্ঞা প্রত্যাহারের জন্য আবেদন করা হলে সুপ্রীম কোর্টের আপীলেট ডিভিশন সিএমপি (সিট টু-আপীল) ২৭৬/২০০৫ এবং ২৭৭/২০০৫ নং আদেশে আদালত কর্তৃক জারিকৃত নিষেধাজ্ঞা ৬ (ছয়) সপ্তাহের জন্য স্থগিত করা হয়। এর ফলস্বরূপে ককরা মোকামিয়া ও বেতাগী, আমুয়া বন্দর ও কাঠালিয়া কেন্দ্রের পরীক্ষার্থীদের পারস্পরিক বিনিময়ের সিদ্ধান্ত বলবৎ থাকবে। একইভাবে বোর্ডের পূর্বেকার সিদ্ধান্ত মোতাবেক ৩৩টি কেন্দ্রস্থিত মাদ্রাসার পরীক্ষার্থীদের পারস্পরিক বিনিময়ের মাধ্যমে পরীক্ষা গ্রহণের আদেশ বলবৎ থাকবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে।